

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ৯ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.০০০০.০০৩.০১.০২৩.২০- ৪০৮

তারিখ: ০৯.০২.২০২০ খ্রি:।

বিষয়: কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলাধীন শ্রীচাইল মোহাম্মদ পুর আলিম মাদ্রাসার শিক্ষক জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী (ইনডেক্স নং- ৩০৯২৮৪) এবং জনাব মো: হারুনুর রশিদ (ইনডেক্স নং-৩০৯২৮৪) এর এমপিও শিটে বিদ্যমান অসামাজ্যস্বপূর্ণ পদবী ও বেতন স্কেল বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র: জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী (ইনডেক্স নং- ৩০৯২৮৪) এর আবেদন

তারিখ: ০৬.০৭.২০১৯ খ্রি:।

কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলাধীন শ্রীচাইল মোহাম্মদ পুর আলিম মাদ্রাসার শিক্ষক জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী (ইনডেক্স নং- ৩০৯২৮৪) তাঁর পদবী ও বেতন স্কেল সংশোধন বিষয়ে একটি আবেদন এ অধিদপ্তরে করেন।

০২. তাঁর আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত এমপিও কপি সহ অন্যান্য কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী ০১.০১.১৯৮৭ খ্রি: তারিখে সুপার পদে যোগদান করে ফেব্রুয়ারী ১৯৯৪ মাসে ১০ কোডে এমপিওভুক্ত হন।

০৩. পরবর্তীতে ২০১০ সালে মাদ্রাসাটির আলিম স্তর এমপিওভুক্ত হলে জনবল কাঠামো ২০১০ এর অনুচ্ছেদ ৬.৩(খ) মোতাবেক (দাখিল মাদ্রাসা আলিম মাদ্রাসার পর্যায়ে উন্নীত হওয়ার পর দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট ও সহকারী সুপারিনটেনডেন্টের পদবী আরবি বিষয়ে প্রভাষক বা উচ্চতর যোগ্য পদে সমন্বিত হবে) জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী পূর্বের ১০ কোডের পরিবর্তে ০৯ (নয়) কোডে প্রভাষকের স্কেলে বেতন-ভাতা প্রাপ্ত হন যা অদ্যাবধি অব্যাহত আছে।

০৪. উল্লেখ্য, ২০১০ সালে মাদ্রাসাটির আলিম স্তর এমপিওভুক্ত হলে বর্ণিত মাদ্রাসার সহকারী সুপার জনাব মো: হারুনুর রশিদ (ইনডেক্স নং-৩০৯২৮৪) বিধি মোতাবেক (জনবল কাঠামো ২০১০ এর অনুচ্ছেদ ৬.৩(খ)) ১০ কোডের পরিবর্তে ০৯ (নয়) কোডে বেতন-ভাতা প্রাপ্ত হন।

০৫. পরবর্তীতে মে, ২০১১ মাসের এমপিও শিটে সহকারী সুপার জনাব মো: হারুনুর রশিদ এর নামের পাশে Pr/অধ্যক্ষ মুদ্রিত হয় এবং জানুয়ারী, ২০১৩ মাসের এমপিও শিটে তাঁর নামের পাশে Pr/অধ্যক্ষ এবং Pay scale code ০৬ মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যাহত আছে।


০৬. পক্ষান্তরে মাদ্রাসাটি আলিম স্তরে উন্নীত হওয়ার পর থেকে এমপিও শিটে সুপার জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী নামের পাশে কোন পদবী নেই এবং Pay scale code ০৯ পরিলক্ষিত হচ্ছে যা অদ্যাবধি অব্যাহত আছে।

০৭. দাখিল মাদ্রাসা আলিম স্তরে উন্নীত হলে সুপার অধ্যক্ষ পদে পদায়িত হওয়া বিধি সম্মত। কিন্তু সুপার জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী ও সহকারী সুপার জনাব মো: হারুনুর রশিদ এর ক্ষেত্রে উল্টোটা ঘটেছে মর্মে প্রতীয়মান হয়। অর্থাৎ এমপিও শিটে সহকারী সুপার জনাব মো: হারুনুর রশিদ অধ্যক্ষ হিসেবে এবং সুপার জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী প্রভাষক হিসেবে মুদ্রিত আছে যা বিধি সম্মত নয় মর্মে প্রতীয়মান হয়।

০৮. বিধি বহির্ভূতভাবে এমপিও শিটে সহকারী সুপার জনাব মো: হারুনুর রশিদ অধ্যক্ষ হিসেবে এবং সুপার জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী প্রভাষক হিসেবে মুদ্রিত হওয়ার বিষয়টি সরেজমিনে তদন্ত হওয়া প্রয়োজন।

০৯. এমতাবস্থায় কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলাধীন শ্রীচাইল মোহাম্মদ পুর আলিম মাদ্রাসার শিক্ষক জনাব আবুল আসাদ মো: রজ্জব আলী (ইনডেক্স নং- ৩০৯২৮৪) এবং জনাব মো: হারুনুর রশিদ (ইনডেক্স নং-৩০৯২৮৪) এর এমপিও শিটে বিদ্যমান অসামাজ্যস্বপূর্ণ পদবী ও বেতন স্কেল বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন আগামী ২০.০২.২০২০ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা শিক্ষা অফিসার
কুমিল্লা।
অনুলিপি:


তারিখ: ০৭.০২.২০
মো: আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন নং- ৪১০৩০১৬৭

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কুমিল্লা: অঞ্চল।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দাউদকান্দি, কুমিল্লা।
৪. অফিস কপি।